গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.০৮.০০১.১৮-

তারিখ : ১৯ ভাদ্র ১৪২৬ / ০৩ সেপ্টেম্বর ২০১৯

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয় , এজিবি কমপ্লেক্স
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: উপপরিচালক জনাব মো: রফিকুল ইসলাম (পিএন-৬৬২৭), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা এর অবসর উত্তর ছুটি এবং অতিরিক্ত ছুটির বিনিময়ে প্রাপ্য অনূর্ধ ১৮ মাসের বেতনের সমপরিমাণ (৩৫,২৬০×১৮)= ৬,৩৪,৬৮০/- (ছয় লক্ষ চৌত্রিশ হাজার ছয়শত আশি) টাকা মঞ্জুরি প্রদান প্রসংগে।

সূত্র: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১৩.০৩৮.১৯-৮০২১, তারিখ: ২৪/০৭/২০১৯

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে নির্দেশক্রমে জনাব মো: রফিকুল ইসলাম, উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা এর জন্ম তারিখ ০১/০৮/১৯৬০ মোতাবেক ৩১/০৭/২০১৯ তারিখে তার বয়স ৫৯ বছর পূর্তিতে ১৯৫৯ সালের ছুটি বিধিমালার ৩(১)(বি)(২) ও ৩(১) নং ধারা এবং গণকর্মচারী (অবসর) (সংশোধনী) আইন ২০১০ ও অর্থ বিভাগের ০৬/০৪/২০১০ তারিখের অম/অবি-প্রবি-১/চ:বি:৩/২০১০ (অংশ-৩)/৬২ নং প্রজ্ঞাপন অনুযায়ী ৩১/০৭/২০১৯ তারিখ হতে অবসর প্রদানপূর্বক ০১/০৮/২০১৯ হতে ৩১/০৭/২০২০ তারিখ পর্যন্ত ১২ (বার) মাস পূর্ণগড় বেতনে অবসর উত্তর ছুটি (Post Retirement Leave) ও অতিরিক্ত পাওনা ছুটির বিনিময়ে মাসিক মূল বেতন ৩৫,২৬০/- টাকা হারে অনূর্ধ ১৮ মাসের বেতনের সমপরিমাণ থোক বাবদ (৩৫,২৬০×১৮) = ৬,৩৪,৬৮০/-(ছয় লক্ষ চৌত্রিশ হাজার ছয়শত আশি) টাকা মঞ্জুর করা হলো।

আপনার বিশ্বস্ত

স্বাঃ-

(মোহাম্মদ ফজলে আজিম)
উপসচিব
ফোন: ৯৫৭৬৩৪৩
Email: fire1@ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.০৮.০০১.১৮- ৫৫৪/১ (৪৩)

তারিখ : ০৩/০৯/২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২। জনাব মো: রফিকুল ইসলাম, উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও ঢাকা। (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। (মঞ্জুরিপত্রটি বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অফিস/মাস্টার কপি।

(মোহাম্মদ ফজলে আজিম)
উপসচিব